

# দৈনিক ইকিলাব

তারিখ ... .. APR. 1 1. 2009

পৃষ্ঠা ... ৩ কলাম ৫.....

## চঃ বিঃ খুলে দেয়ার দাবীতে ক্যাম্পাসে মানববন্ধন ও অনশন কর্মসূচী পালিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : অবিলম্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দু'দফা মানববন্ধন ও প্রেস ক্লাবের সম্মুখে প্রতীক অনশন কর্মসূচী পালন করে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রায় দু'শ' ছাত্র-ছাত্রী গতকাল সকাল ১০টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত অপরাহ্নে বাংলার পাদদেশে এবং বেলা ১১টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত টিএসসিতে মানববন্ধন তৈরী করে। ছাত্র-ছাত্রীরা এ সময় কালো ব্যাজ ধারণ এবং "আমরা গড়তে চাই- আর অবরুদ্ধ নয়", "এ ছাত্রত্ব থাকার চাইতে না থাকাই ভাল" প্রভৃতি শ্লোগান সম্বলিত প্র্যাকার্ড বহন করে। ছাত্র-ছাত্রীরা পরে প্রেস ক্লাবের সম্মুখে প্রতীক অনশন কর্মসূচী পালন করে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা জানায়, বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে আন্দোলন করার জন্য গতকাল তারা ঢাকায় এসেছে।

০৬